AD (ব্য. প্রশা./সা. প্রশা.)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.৬১০ তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন সংক্রান্ত।
সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.১২৪.২৩.০২৪০.২৬.২৫২; তারিখ: ০২ এপ্রিল ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীটি প্রেরণপূর্বক সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
(১) জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী

০৬-০৪-২০২৬
মোঃ শামছুল আরিফ
উপসচিব
ফোন : ০২২২৩৩৫১৮০১
ইমেইল : dsad2@mopme.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ এবং
৬। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.৬১০/১(৩) তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এবং
৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.০০০.৩০১.১৮.০২৪৫.২২.(অংশ-০৫)- ৪৬৮ তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ১৩ এপ্রিল ২০২৬

পত্রের মর্মার্থ অনুসারে অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (প্রশাসন, অর্থ ও বাজেট, লজিং, প্রশিক্ষণ ও বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
২। পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
৭। লাইব্রেরিয়ান, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৯। প্রশাসনিক কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
১০। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১১। কর্মচারী (সকল), উশিব্যু/ জেউশিব্যু/ উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক (প্রশাসন)

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪০.২৬.২৫১

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

বিষয়: ১লা বৈশাখ নববর্ষ উদ্‌যাপন।

সূত্র: ২৯-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ এপ্রিল, ২০২৬ তারিখ ১লা বৈশাখ ১৪৩৩ বাংলা নববর্ষ উদ্‌যাপিত হবে। এ লক্ষ্যে সকল জেলা ও উপজেলায় সকল জাতি-গোষ্ঠীর (ঐতিহ্যবাহী পোষাক ও অন্যান্য ঐতিহ্যবাহী সামগ্রীসহ) অংশগ্রহণে বৈশাখী শোভাযাত্রার আয়োজন করতে হবে। এছাড়া সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে বৈশাখের বিভিন্ন বিষয়ের উপর রচনা প্রতিযোগিতা, গল্প বলা, ঐতিহ্যবাহী আবৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠান (যে জেলা/উপজেলায় যেটি প্রযোজ্য) আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সচিব-এর দপ্তর

| | |
|---|---|
| ☐ অতিরিক্ত সচিব (বিদ্যালয়) | অতি: গুরুত্বপূর্ণ |
| ☐ অতিরিক্ত সচিব (প্রশাসন) | জরুরী |
| ☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন) | ব্যবস্থা গ্রহণ |
| ☐ অতিরিক্ত সচিব (বা:ও ঘ:) | নথিতে পেশ |
| ☐ যুগ্মসচিব.................... | পরিস্থাতে পেশ |
| ☐ সচিবের একান্ত সচিব | নথিজাত |
| | আলোচনা |
| ডায়েরী নং.................... | |
| তারিখ:.................... | সচিব |

02/4/2026

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd

বিতরণ:

১. জেলা প্রশাসক (সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল)।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
[illegible] সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
[illegible] অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[illegible] কপি।

5.4.26

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

**জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচী নির্ধারণ সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই রায় চৌধুরী |
| | : | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৯ মার্চ ২০২৬; সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, পহেলা বৈশাখে নববর্ষ পালন বাংলাদেশের সকল জাতি-গোষ্ঠীর সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আমাদের দেশের অধিকাংশ লোক কৃষি কাজ করে। কৃষির সাথে এ নববর্ষ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈচিত্র্যের মাঝে ঐক্য খুঁজে বের করা এবং সকল জাতিগোষ্ঠীকে নিয়ে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনই আমাদের লক্ষ্য। ১৪১৭ বঙ্গাব্দ থেকে নানা উৎসব আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে বরণ করা হয়। সরকার জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি অন্তর্ভুক্তিমূলক উৎসব আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

০২. সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়:

## বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ০১ বৈশাখ ১৪৩৩<br>১৪ এপ্রিল ২০২৬ | বাংলা নববর্ষ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী সম্বলিত বাংলা নববর্ষের বিশেষ ক্রোড়পত্র বিভিন্ন পত্রিকায় প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলা একাডেমি। |
| ২.২ | ০১ বৈশাখ ১৪৩৩ | বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন অনুষ্ঠান আবশ্যিকভাবে জাতীয় সংগীত ও 'এসো হে বৈশাখ' গান পরিবেশনের মাধ্যমে শুরু হবে। | মন্ত্রণালয়/বিভাগ (সকল), চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.৩ | ০১ বৈশাখ ১৪৩৩ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ প্রতি বছরের ন্যায় পহেলা বৈশাখে 'বৈশাখী শোভাযাত্রা' ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় সকাল ০৯.০০ টা)। সকল জাতিগোষ্ঠীর অংশগ্রহন নিশ্চিত করে একটি অন্তর্ভুক্তিমূলক সার্বজনীন 'বৈশাখী শোভাযাত্রা' অনুষ্ঠিত হবে। প্রত্যেক জাতিগোষ্ঠী তাদের নিজস্ব সংস্কৃতির লোকজ সংগীত ও বাদ্যযন্ত্রে নিজস্বতা ফুটিয়ে তুলবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি সকল জাতি গোষ্ঠীর সাংস্কৃতিক দলের বৈশাখী শোভাযাত্রায় অংশগ্রহণের বিষয়টি সমন্বয় করবে। বৈশাখী শোভাযাত্রায় এ বছরের প্রতিপাদ্য-<br>"নববর্ষের ঐকতান<br>গণতন্ত্রের পুনরুত্থান"<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় উক্ত 'বৈশাখী শোভাযাত্রা' অনুষ্ঠানটি সকল সরকারি/ বেসরকারি টিভি, রেডিও, বাণিজ্যিক রেডিও ও কমিউনিটি রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মিউজিক্যাল ব্যান্ডস অ্যাসোসিয়েশন (বামবা), বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, উৎসব উদ্‌যাপন পরিষদ, গারো সাংস্কৃতিক সংগঠন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মিউজিক্যাল ব্যান্ডস অ্যাসোসিয়েশন (বামবা), বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, উৎসব উদ্‌যাপন পরিষদ, গারো সাংস্কৃতিক সংগঠনসহ অন্যান্য সাংস্কৃতিক সংগঠনও বাংলা নববর্ষ উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন করবে। | চ্যানেল (সকল) এবং বেসরকারি বেতার (সকল)। |
| ২.৪ | ০১ বৈশাখ ১৪৩৩ | জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) ও ছায়ানট রমনা বটমূলে সকালে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় ৬.১৫ টা-৮.১৫টা)। | জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) ও ছায়ানট |
| | | অনুষ্ঠানসমূহ সরকারি/বেসরকারি টেলিভিশন ও বেতারে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বেসরকারি চ্যানেলসমূহ কর্তৃক বিটিভির মাধ্যমে অনুষ্ঠান সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার। |
| | | নববর্ষের অনুষ্ঠান সকল সরকারি/ বেসরকারি টিভি, রেডিওতে, বাণিজ্যিক রেডিও ও কমিউনিটি রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াসমূহ কর্তৃক স্ব-উদ্যোগে বাংলা নববর্ষের উপর বিশেষ অনুষ্ঠানমালা/ সম্পাদকীয়/নিবন্ধ ইত্যাদি প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে এক সপ্তাহ পূর্ব থেকে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার, বেসরকারি টিভি চ্যানেল এবং প্রিন্ট মিডিয়া কর্তৃক বাংলা নববর্ষের প্রচারণা শুরুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাংলা নববর্ষের অনুষ্ঠান প্রচারের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল), বেসরকারি বেতার (সকল)। |
| ২.৫ | ০১ বৈশাখ ১৪৩৩ | প্রতিটি জেলা/উপজেলায় পহেলা বৈশাখে 'বৈশাখী শোভাযাত্রা' ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠানে সকল জাতি গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করতে হবে। বৈশাখী শোভাযাত্রায় স্ব স্ব জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসহ সকল জাতিগোষ্ঠী তাদের ঐতিহ্যবাহী পোষাকে অংশগ্রহণ করবেন। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস), উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং জেলা শিল্পকলা একাডেমি (সকল)। |
| | | জেলা শহর ও সকল উপজেলায় বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকজ মেলার আয়োজন করতে হবে। জেলা প্রশাসন জেলা/ উপজেলা পর্যায়ে আয়োজিত সকল অনুষ্ঠান সমন্বয় করবে। জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা শিল্পকলা একাডেমি ও জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিটি জেলা/ উপজেলায় চিত্রাংকন প্রতিযোগিতাসহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে।<br>এছাড়া উপজেলা প্রশাসন প্রতিটি ইউনিয়নে 'বৈশাখী শোভাযাত্রা' আয়োজনসহ বাংলা নববর্ষ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |
| | | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি ছাড়াও জেলা ও উপজেলা প্রশাসন স্থানীয় ঐতিহ্য অনুযায়ী অন্যান্য কর্মসূচি গ্রহণ করতে পারবে। | |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | জেলা/উপজেলা পর্যায়ে আয়োজিত মেলায় দেশীয় ঐতিহ্য ও লোকজ সংস্কৃতির প্রতিফলন ঘটাতে হবে। মেলায় কোনক্রমেই জুয়া বা অশ্লীল কিছু যেন স্থান না পায় সে বিষয়ে স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| | | নববর্ষের অনুষ্ঠান আয়োজনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে সকল জেলা ও উপজেলায় অর্থ বরাদ্দ প্রদান করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২.৬ | ০১ বৈশাখ ১৪৩৩ | জাতীয় পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসহ জেলা-উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহ বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনে আয়োজিত অনুষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে। নিরাপত্তার পাশাপাশি সর্বস্তরের জনসাধারণের অনুষ্ঠানস্থলে নির্বিঘ্নে আসার বিষয়েও দৃষ্টি রাখতে হবে। এছাড়া অগ্নি নিরাপত্তা নিশ্চিতকল্পে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রয়োজনীয় সহযোগিতা দিবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, মেট্রোপলিটন পুলিশ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, র‍্যাব, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.৭ | ০১ বৈশাখ ১৪৩৩ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও সাড়ম্বরে বাংলা নববর্ষ উদ্‌যাপন করতে হবে। দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ২.৮ | ০১ বৈশাখ ১৪৩৩ | বাংলা একাডেমি এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাংলা একাডেমি প্রাঙ্গনে সাত দিনব্যাপী (১৪-২০ এপ্রিল, ২০২৬) নববর্ষের মেলা, আলোচনা সভা ও অন্যান্য অনুষ্ঠানমালা আয়োজন করতে হবে। মেলায় নকশী কাঁথা, জামদানি শাড়িসহ অন্যান্য হস্তশিল্প এবং বস্ত্রশিল্পের স্টল বরাদ্দের বিষয়টি নিশ্চিতকরণসহ মেলার বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সম্ভাব্য ক্ষেত্রে বিভাগীয়/ জেলা পর্যায়ে বিসিক এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) কর্তৃক স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মেলার আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলা একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব), জেলা প্রশাসক (সকল)। |
| ২.৯ | ০১ বৈশাখ ১৪৩৩ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক ফাউন্ডেশন প্রাঙ্গনে আগামী ২০ এপ্রিল ২০২৬ তারিখ থেকে ১৪(চৌদ্দ) দিন ব্যাপী ঐতিহ্যবাহী বৈশাখী মেলা আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |
| ২.১০ | ০১ বৈশাখ ১৪৩৩ | সকল কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) ঐতিহ্যবাহী খাবার (খৈ, মুড়ি-মুড়কি, বাতাসা ইত্যাদি) সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে।<br>কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদি প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও নাটক প্রদর্শনীর বিষয়ে প্রয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতা নেয়া যেতে পারে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, কারা অধিদপ্তর এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.১১ | ০১ বৈশাখ ১৪৩৩ | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানাদির আয়োজন করতে হবে। সকল জাতিগোষ্ঠীর সংস্কৃতি তুলে ধরে অনুষ্ঠান আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ২.১২ | ০১ বৈশাখ ১৪৩৩ | সকল জাদুঘর ও প্রত্নস্থান সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে (শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিনা টিকেটে প্রবেশের সুযোগ থাকবে)। বাংলা নববর্ষের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে বিশেষ প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং রাঙ্গামাটি ও বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট জাদুঘর। |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১৩ | ০১ বৈশাখ ১৪৩৩ | অভিজাত হোটেল ও ক্লাবসমূহে বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানমালা আয়োজন ও ঐতিহ্যবাহী খাবার পরিবেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। |
| ২.১৪ | ০১ বৈশাখ ১৪৩৩ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/কেন্দ্র/একাডেমিসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠান আয়োজন করবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, বৈসাবি অনুষ্ঠান একসাথে উদ্‌যাপন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/ কেন্দ্র/ একাডেমি। |
| ২.১৫ | ০১ বৈশাখ ১৪৩৩ | বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সিভিল সার্জন, ঢাকা। |
| ২.১৬ | ০১ বৈশাখ ১৪৩৩ | বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে ঢাকা ওয়াসার পক্ষ হতে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা ওয়াসা। |
| ২.১৭ | ০১ বৈশাখ ১৪৩৩ | বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমান টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অনুষ্ঠান চলাকালীন সময় সংশ্লিষ্ট এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ; জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ২.১৮ | ০১ বৈশাখ ১৪৩৩ | সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে বাংলা নববর্ষের গুরুত্ব সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যমে ও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন। |
| ২.১৯ | ০১ বৈশাখ ১৪৩৩ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাভুক্ত সকল দপ্তর/সংস্থা কর্তৃক বাংলা নববর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি অনুষ্ঠানমালা আয়োজন করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় জাদুঘর, কবি নজরুল ইন্সটিটিউট, কপিরাইট অফিস এবং জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| | | বাংলাদেশ শিল্পকলা একাডেমি চৈত্র সংক্রান্তি ও নববর্ষ উপলক্ষে একাডেমি প্রাঙ্গণে ০৫(পাঁচ) দিনব্যাপী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

৩.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০১/০৪/২০২৬
নিতাই রায় চৌধুরী
মন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪০.২৬.২৫২

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা;
১০. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
১৯. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২০. বিভাগীয় কমিশনার (সকল);
২১. মহাপরিচালক, র‍্যাব, উত্তরা, ঢাকা;
২২. কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা;
২৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৪. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), মেয়র আনিসুল হক সড়ক, ১৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা;
২৫. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৬. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
২৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
২৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা;
২৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা;
৩০. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা;
৩১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা;
৩২. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
৩৩. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
৩৪. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৩৫. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৩৬. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা;
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৩৮. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা;
৩৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, রমনা, ঢাকা;
৪০. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
৪১. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪২. যুগ্মসচিব (প্রশাসন)/(অনুষ্ঠান)/(শিল্পকলা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪৩. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
৪৪. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৪৫. ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৬. চেয়ারম্যান, নাট্যকলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৭. চেয়ারম্যান, সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৮. মুন্সী শামসুদ্দীন আহমেদ, রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৪৯. অধ্যাপক আজহারুল ইসলাম শেখ, ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৫০. প্রফেসর এএএম কাউসার হাসান, ভাস্কর্য বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৫১. জনাব মো: ইসরাফিল রতন, সহযোগী অধ্যাপক, গ্রাফিক ডিজাইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৫২. জেলা প্রশাসক (সকাল);
৫৩. পুলিশ সুপার (সকল);
৫৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫৫. জনাব হেলাল খান, আহ্বায়ক, জাসাস কেন্দ্রীয় কমিটি;
৫৬. জনাব জাকির হোসেন রোকন, সদস্য সচিব, জাসাস কেন্দ্রীয় কমিটি, ২৮/১ নয়াপল্টন, ঢাকা;
৫৭. জনাব সাইদ সোহরাব, সহ-সাংস্কৃতিক সম্পাদক, বিএনপি জাতীয় নির্বাহী কমিটি, ২৮/১ নয়াপল্টন, ঢাকা;
৫৮. জনাব শায়রুল কবির খান, মিডিয়া সেল সদস্য, বিএনপি, গুলশান বিএনপি চেয়ারপার্সন অফিস, বাড়ি নং-৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা;
৫৯. জনাব আশরাফ উদ্দিন আহমেদ উজ্জ্বল, সাংস্কৃতিক সম্পাদক, বিএনপি, ব্লক-কে, রোড-২০, বাড়ি-২৫, বনানী, ঢাকা-১২১৩;
৬০. জনাব ইথুন বাবু, ফ্লাট-টু-এ (আকাঙ্ক্ষা), ২১৮ বড় মগবাজার ঢাকা, ১২১৭;

৬১. জনাব মনির খান, ১৯, চামেলা বাগ, ঢাকা;
৬২. জনাব রিজিয়া পারভীন, বাসা-১৫, রোড-৭, ব্লক-এফ, এপার্টমেন্ট-এ৩, বনানী, ঢাকা;
৬৩. সভাপতি, ছায়ানট, ছায়ানট সংস্কৃতি-ভবন, বাড়ী নং-৭২, সড়ক-১৫এ, ধানমন্ডি আ/এ, ঢাকা;
৬৪. জনাব হামিন আহমেদ, সভাপতি, বামবা;
৬৫. সভাপতি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাসা-১২/এফ, এপার্টমেন্ট-ডি/২, রোড-১২৬, গুলশান-১, ঢাকা-১২১২;
৬৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন;
৬৭. জনাব চনুমং, সভাপতি, উৎসব উদ্‌যাপন পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা;
৬৮. জনাব পিংকি চিরান, ব্যান্ড- এফ মাইনর;
৬৯. জনাব অলিক মৃ , গারো সাংস্কৃতিক সংগঠক;
৭০. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
৭১. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
৭২. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
৭৩. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
৭৪. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
৭৫. পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী;
৭৬. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, নওগাঁ;
৭৭. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, দিনাজপুর;
৭৮. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান, হালুয়াঘাট;
৭৯. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):</u>

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৫. অফিস কপি।

০২/৪/২০২৪

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd